

তিন শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ

স্টাফ রিপোর্টার : দেশের তিনটি শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ দেওয়া হয়েছে। গতকাল (বৃহস্পতিবার) শিক্ষা মন্ত্রণালয়ের এক পরিপত্রে এ নিয়োগ দেওয়ার কথা বলা হয়। ঢাকা শিক্ষা বোর্ডে টাঙ্গাইল সরকারি সাদত কলেজের প্রিন্সিপাল মুহাম্মদ শামসুল হক, যশোর বোর্ডে সাতক্ষীরা জেলার তালা সরকারি কলেজের প্রিন্সিপাল হাফিজুর রহমান এবং রাজশাহী বোর্ডে রংপুর কারমাইকেল সরকারি কলেজের প্রিন্সিপাল ড. দীপকেন্দ্র নাথ দাস নিয়োগ পেয়েছেন।